

॥ হারাম ও কবিরা গুনাহ

বিভাগ/অধ্যায়ঃ হারাম ও কবিরা গুনাহ পরিচিতি

রচয়িতা/সম্প্রকাশকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

১৮৬. কোন গুনাহ'র কাজে মানত করে তা পুরা করা

কোন গুনাহ'র কাজে মানত করে তা পুরা করা হারাম। তবে এ ক্ষেত্রে তাকে কসমের কাফ্ফারা দিতে হবে।

‘আয়েশা(রাঃ)(রায়িয়াল্লাহু আনহা) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন:

مَنْ نَذَرَ أَنْ يُطِيعَ اللَّهَ فَلْيُطِعْهُ، وَمَنْ نَذَرَ أَنْ يَعْصِيَ اللَّهَ فَلَا يَعْصِيهِ.

“যে ব্যক্তি আল্লাহ তা‘আলার আনুগত্য (ইবাদাত) করবে বলে মানত করেছে সে যেন তাঁর আনুগত্য করে তথা মানত পুরা করে নেয়। আর যে ব্যক্তি আল্লাহ তা‘আলার অবাধ্যতা তথা গুনাহ'র কাজ করবে বলে মানত করেছে সে যেন তাঁর অবাধ্য না হয় তথা মানত পুরা না করে”।

(আবু দাউদ ৩২৮৯; তিরমিয়ী ১৫২৬; ইব্রু মাজাহ ২১৫৬)

‘আয়েশা (রায়িয়াল্লাহু আনহা) আরো বলেন: রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন:

لَا نَذْرٌ فِيْ مَعْصِيَةٍ ؛ وَكَفَارَتُهُ كَفَارَةٌ يَمْبِينَ.

“কোন গুনাহ'র ব্যাপারে মানত করা চলবে না। তবে কেউ অজ্ঞতাবশত: এ জাতীয় মানত করে ফেললে উহার কাফ্ফারা কসমের কাফ্ফারা হিসেবে দিতে হবে”। (আবু দাউদ ৩২৯০, ৩২৯২; তিরমিয়ী ১৫২৪, ১৫২৫; ইব্রু মাজাহ ২১৫৫)

আব্দুল্লাহ বিন் ‘আববাস (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন:

النَّذْرُ نَذْرٌ : فَمَا كَانَ لِلَّهِ فَكَفَارَتُهُ الْوَفَاءُ، وَمَا كَانَ لِلشَّيْطَانِ فَلَا وَفَاءَ فِيهِ، وَعَلَيْهِ كَفَارَةٌ يَمْبِينَ.

‘মানত দু’ প্রকার। তার মধ্যে যা হবে একমাত্র আল্লাহ তা‘আলারই জন্য তার কাফ্ফারা হবে শুধু তা পুরা করা। আর যা হবে শয়তানের জন্য তথা শরীয়ত বিরোধী তা কখনোই পুরা করতে হবে না। তবে সে জন্য সংশ্লিষ্ট ব্যক্তিকে কসমের কাফ্ফারা দিতে হবে’।

(ইব্রুল জারুদ/মুস্তাকা, হাদীস ৯৩৫ বায়হাকী ১০/৭২)

সুতরাং কেউ যদি তার কোন আত্মীয়ের সাথে আত্মীয়তার বন্ধন ছিন করবে বলে মানত করে কিংবা কোন ওয়াজিব কাজ ছেড়ে দিবে বলে মানত করে অথবা কোন হারাম কাজ করবে বলে মানত করে তা হলে সে এ জাতীয় মানত পুরা করবে না। বরং সে কসমের কাফ্ফারা তথা দশ জন মিসকিনকে খানা খাওয়াবে অথবা তাদেরকে কাপড় কিনে দিবে। আর তা অসম্ভব হলে তিনটি রোয়া রাখবে।

১ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন